# Times Today BD

সিনিয়র রিপোর্টার | রাজনীতি | 03 May, 2025

## শহিদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান বীর উত্তম’র শাহাদাত মাস স্মরণে কর্মসূচীর ঘোষণা দিয়েছে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)।শনিবার দুপুরে দলটির পক্ষ থেকে দেওয়া এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়, স্মরণে শহিদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান বীর উত্তম'র শাহাদাত মাস উপলক্ষে রোববার ৪ মে এক কর্মসূচী অনুষ্ঠিত হবে।

বিজ্ঞপ্তিতে আরও জানানো হয়েছে, কূটনীতিক এই প্রোগ্রামটি দুপুর ১২ ও বেলা ৩টা ৩০ মিনিটে গুলশান চেয়ারপার্সন অফিসে অনুষ্ঠিত হবে।

দেশের বৃহত্তর এই রাজনৈতিক দলের ডাকা এই কর্মসূচীতে বিভিন্ন দেশের কূটনীতিক ও দলটির নেতাকর্মী ছাড়াও অনন্য রাজনৈতিক দলের শীর্ষ নেতারা উপস্থিত থাকবেন বলে ধারণা করা হচ্ছে।

এছাড়াও একই দিন বিশ্ব মুক্ত গণমাধ্যম দিবস উপলক্ষে আলোচনা সভা করবে দলটি।দুপুর ১২টায় জাতীয় প্রেসক্লাব আব্দুস সালাম হলের তৃতীয় তলায় এ সভা অনুষ্ঠিত হবে।যেখানে আলোচনায় অংশ নেবেন বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপি'র মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর।

বিএনপি প্রেসক্লাব জিয়াউর রহমান

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:18

URL: https://www.timestodaybd.com/politics/1828775807